



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল-১৪
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.dhaka.gov.bd



স্মারক নং ২৬.০৩.১১০০.০০১.০০.০৪০.২২ / ২৮৪২


তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০
০৬ জুন ২০২৩

বিষয়: হেল্পডেস্ক-এ দায়িত্ব পালন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অফিস আদেশ নং- ২৬.০৩.১১০০.০০১.১৪.০০১.১৮-১৮২০, তারিখ: ২৯ মে ২০২৩ এর মাধ্যমে অত্র দপ্তরের প্রশাসনিক কাজের সুবিধার্থে ও সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম সম্পাদনের নিমিত্তে একটি কর্মবন্টন করা হয়। উক্ত কর্মবন্টনে অত্র দপ্তরের প্রদানকৃত সেবাসমূহের বিপরীতে বিদ্যমান সমস্যা দূরীকরণ এবং গ্রাহক সন্তুষ্টি অর্জনের জন্য হেল্পডেস্কে এক ঘণ্টা করে দায়িত্ব পালন করার জন্য বলা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর ৩.৩ অনুচ্ছেদে উল্লেখিত শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম এর আওতায় হেল্পডেস্ক স্থাপনের বিষয়ে একটি লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা আলোকে হেল্পডেস্কে দায়িত্ব পালন প্রসঙ্গে চলমান অনলাইন সেবাসমূহ সহজীকরণ ও গ্রাহক পর্যায়ে অধিকতর যুগোপযোগীকরণের জন্য পত্র উল্লিখিত অফিস আদেশ মোতাবেক অত্র দপ্তরের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে নিজ নিজ দায়িত্ব পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ- বর্ণনা মোতাবেক।


(মোহাম্মদ গোলাম মস্তফা)
সহকারী নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক, ঢাকা এর পক্ষে
ac1.dhaka@ccie.gov.bd
ফোন: ০২-৪১০৫০৫২৩

বিতরণঃ

- ১। সকল কর্মকর্তা/কর্মচারী, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ২। নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ৩। অফিস কপি।